

বেসরকারী বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারীর আয় নিরূপন :

১। বেতনাদি (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২১ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ৩৩ অনুযায়ী): সাধারণভাবে একজন চাকুরীজীবী করদাতার প্রাপ্ত মূল বেতন, উৎসব ভাতা, পরিচারক ভাতা, সম্মানী ভাতা, ওভারটাইম ভাতা, স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা এবং বিভিন্ন ডুব পারকুইজিটস্ (সুবিধা) বেতনখাতের করযোগ্য আয়। বেতনখাতে আয় নিরূপনের জন্য করদাতা পৃথক কাগজে বেতনখাতের আয়ের হিসেব সংযোজন করতে পারবেন।

আয়ের বিস্তারিত বিবরণী সম্বলিত তফসিল-১ (বেতনাদি) :

(সরকারী কর্মকর্তা/কর্মচারী ব্যতীত)

আয়ের পরিমাণ (টাকা)	করমুক্ত আয়ের পরিমাণ (টাকা)	নীট করযোগ্য আয় (টাকা)
মূল বেতন	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
বিশেষ বেতন	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
মহার্ঘ ভাতা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
যাতায়াত ভাতা	৩০,০০০/- টাকা পর্যন্ত করমুক্ত	৩০,০০০/- টাকা বাদ দিলে যে অংক থাকে
বাড়ী ভাড়া ভাতা	৩,০০,০০০/- টাকা বা মূল বেতনের ৫০% এর মধ্যে যেটি কম তা করমুক্ত।	অবশিষ্ট অংক
চিকিৎসা ভাতা	মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/- টাকা, এ দুটির মধ্যে যেটি কম সে পরিমাণ অংক	প্রাপ্ত ভাতার অবশিষ্ট অংক
পরিচারকভাতা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
ছুটি ভাতা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
সম্মানী/ পুরস্কার/ ফি	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
ওভার টাইম ভাতা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
বোনাস/ এক্সগ্রেসিয়া/ শান্তি বিনোদন ভাতা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা	করমুক্ত নয়	সম্পূর্ণ অংশ
স্বীকৃত ভবিষ্য তহবিলে অর্জিত সুদ	*মূল বেতনের ১/৩ অংশ পর্যন্ত প্রাপ্ত সুদ (এখানে বেতন বলতে মূল বেতন এবং মহার্ঘ ভাতা বুঝাবে) অথবা সরকার কর্তৃক নির্ধারিত হার ১৪.৫০%, এ দুয়ের মধ্যে যেটি কম	এর অতিরিক্ত করযোগ্য
যানবাহন সুবিধার জন্য বিবেচিত আয়	যদি করদাতা ব্যক্তিগত ব্যবহারের জন্য নিয়োগকর্তার নিকট থেকে গাড়ী পান তাহলে মূল বেতনের ৫% সরাসরি নীট করযোগ্য আয় হবে	মূল বেতনের ৫% আয় হবে

<p>বিনামূল্যে বা হ্রাসকৃত ভাড়ায় প্রাপ্ত বাসস্থানের জন্য বিবেচিত আয়</p>	<p>(ক) যদি করদাতা নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বিনা ভাড়ায় সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থানে বাস করেন তাহলে সাধারণভাবে মূল বেতনের ২৫% করযোগ্য আয় হিসেবে গণ্য হবে।</p> <p>(খ) যদি করদাতা নিয়োগকর্তা থেকে হ্রাসকৃত ভাড়ায় সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থান প্রাপ্ত হন সে ক্ষেত্রে সাধারণভাবে মূল বেতনের ২৫% হতে প্রকৃত পরিশোধিত ভাড়া বাদ দিয়ে পার্থক্য করযোগ্য আয় হিসেবে গণ্য হবে।</p>	<p>(ক) মূল বেতনের ২৫% যোগ হবে।</p> <p>(খ) মূল বেতনের ২৫% = ... বাদ-পরিশোধিত ভাড়া = পার্থক্য করযোগ্য আয় হবে</p>
<p>অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন)</p>	<p>করদাতা যদি নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসস্থানে দারোয়ান, মালি, বাবুর্চি কিংবা অন্য কোন সুবিধা পেয়ে থাকেন তবে প্রাপ্ত সুবিধার সমপরিমাণ আর্থিক মূল্য করযোগ্য আয় হিসাবে দেখাতে হবে।</p>	<p>এ সকল সুবিধার আর্থিক মূল্য</p>
<p>ছুটি নগদায়ন</p>	<p>করমুক্ত নয়</p>	<p>সম্পূর্ণ অংশ</p>
<p>পেনশন/গ্রাচুইটি</p>	<p>করমুক্ত</p>	<p>শূন্য</p>